গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
শেরপুর সদর, শেরপুর

**শেরপুর সদর উপজেলা পরিষদের ফেব্রুয়ারি, ২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ ভূঁইয়া, প্রশাসক, উপজেলা পরিষদ, শেরপুর সদর, শেরপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, শেরপুর সদর, শেরপুর।
তারিখ ও সময় : ২৫/০২/২০২৫ খ্রি., সকাল ১১.০০ ঘটিকা

সভার শুরুতেই সকলকে স্বাগত জানানো হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

১. গত ১৬/০১/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত অত্র উপজেলা পরিষদের জানুয়ারি, ২০২৫ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী/সংযোজনী প্রস্তাব পাওয়া যায় নাই। কোন সংশোধনী/সংযোজনী প্রস্তাব না থাকায় অত্র উপজেলা পরিষদের জানুয়ারি, ২০২৫ মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

২. **বিভাগীয় কার্যক্রমের বিষয়ে আলোচনা**

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা প্রকৌশলী,** শেরপুর সদর, শেরপুর সভায় জানান, শেরপুর সদর উপজেলায় ১০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন; ০৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল; ০৫ টি রাস্তার মেরামত কাজ; ১৫ টি নতুন রাস্তা নির্মান এবং ০২ টি নতুন ব্রীজ নির্মাণ কাজ চলমান। এছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)র আওতায় ১ম কিস্তি বাবদ ২৪.৫২ (লক্ষ ), ২য় কিস্তি বাবদ ২৪.৫২ (লক্ষ) (মোট ৪৯.০৪ লক্ষ) টাকা ইতোমধ্যে বরাদ্দ পাওয়া গেছে; আরও ২ কিস্তিতে প্রাপ্য সম্ভাব্য বরাদ্দ ৪৯.০৪ (লক্ষ) টাকা। ইতোমধ্যেই বিভিন্ন ইউনিয়ন কর্তৃক উক্ত বরাদ্দ এবং রাজস্ব উদ্বৃত্ত তহবিল দ্বারা বাস্তবায়নযোগ্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।<br>তিনি আরো বলেন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসের পুরাতন শেড ভবনটি নিলামে বিক্রয়ের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলিত মূল্য ৯৮,৯৭৭.০০ (আটানব্বই হাজার নয়শত সাতাত্তর) টাকা। নিলাম কার্যের সময়ে বিধি মোতাবেক ভ্যাট, ট্যাক্স যুক্ত হবে।<br>এছাড়াও বিগত ০৫/০৮/২০২৪ খ্রি. তারিখে ক্ষতিগ্রস্থ উপজেলা পরিষদের ফটক, বিভিন্ন ভবন মেরামত ও প্রয়োজনীয় উন্নয়নের জন্য নিম্নলিখিত প্রাক্কলনসমূহ প্রস্তুত করা হয়েছে । (অ) উপজেলা পরিষদের মূল গেট ও আবাসিক এলাকার গেট মেরামত প্রকল্প - ২,৯৯,৫২০/- (দুই লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত বিশ) টাকা; (আ) উপজেলা পরিষদের পুরাতন হলরুম মেরামত প্রকল্প - ৫,৯৯,৭৮০/- (পাঁচ লক্ষ নিরানব্বই হাজার সাতশত আশি) টাকা; (ই) উপজেলার নন-গেজেটেড কোয়ার্টারের নিচতলা মেরামত প্রকল্প - ৬,৯৮,৯৭০/- (ছয় লক্ষ আটানব্বই হাজার নয়শত সত্তর) টাকা; (ঈ) উপজেলার গেজেটেড কোয়ার্টারের নিচতলা মেরামত প্রকল্প - ৪,০১,২৩০/- (চার লক্ষ এক হাজার দুইশত ত্রিশ) টাকা। এসকল প্রকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ চেয়ে সচিব, স্থানীয় সরকার বিভাগ; স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের প্রস্তাব করেন। সকলে একযোগে প্রস্তাব সমর্থন করেন। | ১) উন্নয়ন প্রকল্পে কাজের মান নিয়ন্ত্রণের জন্য মনিটরিং জোরদার করতে হবে।<br>২) পল্লী উন্নয়ন অফিসের পুরাতন ভবনটি নিলামে বিক্রয়ের নিমিত্ত এ সংক্রান্ত বিআরডিবির পরিত্যক্ত স্থাপনা অপসারণ নীতিমালা মোতাবেক গঠিত কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) আলোচনা কলামে উল্লিখিত (অ), (আ), (ই), (ঈ) ক্রমিকে উল্লিখিত প্রকল্পসমূহের নামের পাশে উল্লিখিত পরিমাণ অর্থ বরাদ্দ চেয়ে সচিব, স্থানীয় সরকার বিভাগ; স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, শেরপুর সদর, শেরপুর |
| ০২ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা** শেরপুর সদর, শেরপুর সভায় জানান, সারাদেশের ন্যায় আগামী ১৫ মার্চ ২০২৫ তারিখে অত্র উপজেলায় জাতীয় ভিটামিন 'এ প্লাস' ক্যাম্পেইন অনুষ্ঠিত হবে। উক্ত ক্যাম্পেইনে ৫-৫৯ মাস বয়সের সকল শিশুকে এক ডোজ ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর । |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৩ | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,** শেরপুর সদর, শেরপুর সভায় জানান যে, সক্ষম দম্পতি: ১,২৫,৬৪৪ জন, সর্বমোট গ্রহণকারী: ৯৪,৫৯৯ জন, পদ্ধতি গ্রহণকারীর হার: ৭৫.২৯%, বিতরণ ও সম্পাদন: ফেব্রুয়ারি/২৫ মাসে দেওয়া হয়েছে খাবার বড়ি: ৬২১৫ চক্র, কনডম: ২০০৯৩ পিস, আপন: ৩১২ চক্র, ইনজেকশন: ৪১০৮ ভায়াল, আইইউডি: ৪২ জন, ইমপ্ল্যান্ট: ২২৮ জন, ইসিপি: ১৭, মিসোপ্রোস্টাল: ১৭৮ ডোজ, মহিলা বন্ধ্যাকরণ: ৮২, ডেলিভার: ৫৫৩ জন, মা ওশিশু কল্যাণ কেন্দ্র- ৯০ জন, ইউনিয়ন স্বাস্থ্য পরিবার কল্যাণ কেন্দ্র- ৩১ জন। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর। |
| ০৪ | **সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা**, শেরপুর সদর, শেরপুর সভায় জানান মৎস্য সংরক্ষণ আইন-১৯৫০ বাস্তবায়নের নিমিত্তে শেরপুর সদর উপজেলার বিভিন্ন হাট-বাজারে অভিযান কার্যক্রম চলমান রয়েছে। মৎস্য হ্যাচারি আইন-২০১০, মৎস্য খাদ্য আইন-২০১০ এর আওতায় মৎস্য হ্যাচারি ও মৎস্য খাদ্যের দোকান পরিদর্শন ও লাইসেন্স নবায়ন কার্যক্রম চলমান রয়েছে। ইলিশ পাচার রোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে হাট বাজারে নিয়মিত পরিদর্শন ও মতবিনিময় করা হচ্ছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর। |
| ০৫ | **উপজেলা কৃষি অফিসার,** শেরপুর সদর, শেরপুর সভায় জানান ২০২৪-২৫ অর্থবছরে বোরো ধানের আবাদ ২৪০৬৮ হেক্টর অর্জন হয়েছে। শেরপুর সদর উপজেলায় ৫৮০০ হেক্টর জমিতে সরিষা কর্তন হয়েছে। এ বছর সরিষার ফলন এবং দাম সন্তোষজনক। উপজেলায় সারের কোনো সংকট নেই। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, শেরপুর সদর, শেরপুর |
| ০৬ | **উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,** শেরপুর সদর, শেরপুর সভায় জানান তাঁর দপ্তরের কৃত্রিম প্রজন ১৬৪৪ টি, সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ ৭৭৪ টি, গবাদি পশুর টিকা প্রদান ৪০০টি, হাঁস-মুরগি টিকা প্রদান ৫০০০ টি, গবাদি পশুর চিকিৎসা প্রদান ৫০০০টি, হাঁস-মুরগি চিকিৎসা প্রদান ২৬৬৬৭ টি, পোষা প্রাণির চিকিৎসা প্রদান ০৪টি, গবাদি পশু-পাখির রোগ অনুসন্ধান নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ ১০টি, গবাদি পশু-পাখির ডিডিজ সার্ভিলেন্স ০৩ টি, ফ্রি ভেটেরিনারি মেডিকেল স্থাপন ০১টি, খামারি প্রশিক্ষণ প্রদান ৮০ জন, উঠান বৈঠকের আয়োজন ০৮ টি, স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ ১.৭ একর, খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন ১১টি, গবাদিপশুর খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন করা হয় ০২টি, পোল্ট্রি খামার ও রেজিষ্ট্রেশন ও নবায়ন ০ টি, মোবাইল কোর্ট পরিচালনা ০১টি, দুধ উৎপাদন ২৫১৪.৪২ মেট্রিক টন, মাংস উৎপাদন ১৫৪০.৫৪ মেট্রিক টন, ডিম উৎপাদন ৪৭.০১ লক্ষ। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর |
| ০৭ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা**, শেরপুর সদর, শেরপুর সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে টিআর, কাবিখা, কাবিটা প্রকল্পের কাজ ৫০% সম্পাদন করা হয়েছে এবং কাজ চলমান রয়েছে। নিয়মিত প্রকল্প পরিদর্শনের কাজ সম্পাদন করা হচ্ছে এবং সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর |
| ০৮ | **উপজেলা যুব উন্নয়ন অফিসার,** শেরপুর সদর, শেরপুর সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে মোট ঋণ তহবিল-১০৩৭২০৯৯.৭৪/-,ক্রমপুঞ্জিত বিতরণ-৫৩৬৮৫৮০০/-,চলমান মাসে আদায়যোগ্য:২৬৭৯৫০/-চলমান মাসে আদায়কৃত: ২৭৪৩০৫/-,চলমান মাসে আদায়ের হার ১০০%,ক্রমপুঞ্জিত আদায়যোগ্য: ৪৮১২০৫৫৫জন, ক্রমপুঞ্জিত আদায়কৃত: ১৫০৩৩০৪, ক্রমপুঞ্জিত আদায়ের হার: ৯৪%, ক্রমপুঞ্জিত কিস্তি খেলাপী: ৩০৬৯০০/-, ক্রমপুঞ্জিত মেয়াদোত্তীর্ণ খেলাপী: ২৭৮৩৩৫১, ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ: ৮৮৮৪/-, ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা:৫১৯৬ জন, উপকারভোগীর সংখ্যা: ১৭২৬জন,যুব সংগঠনের সংখ্যা: ৫২টি। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, শেরপুর সদর, শেরপুর |
| ০৯ | **উপজেলা সমাজসেবা অফিসার**, শেরপুর সদর, শেরপুর সভায় জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থ বছরে ৩য় কিস্তির পেরোল প্রস্তুতের কাজ চলছে। চলতি অর্থবছরে প্রতিবন্ধী ভাতার অতিরিক্ত বরাদ্দ পেয়েছি যা ইতোমধ্যে সকল ইউনিয়ন | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, শেরপুর |

| | | | |
|---|---|---|---|
| | | | ইউনিয়ন পরিষদ |
| ৭ | **সভাপতির** বক্তব্যে দ্রুত টিসিবির অবিতরণকৃত স্মার্ট কার্ড ফেরত পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। এবং দ্রুত এডিপি প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম শুরু করার অনুরোধ জানানো হয়। এছাড়া, উপজেলা পরিষদের অভ্যন্তরে এবং নিয়ন্ত্রণাধীন এলাকায় মরা, ঝড়ে পড়া বিনষ্টযোগ্য গাছ নিলামে বিক্রয় সংক্রান্ত উপজেলা কমিটিতে একজন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে সদস্য মনোনীত করার বাধ্যবাধকতা রয়েছে। চেয়ারম্যান, ৩ নং বাজিতখিলা ইউনিয়ন পরিষদ কর্তৃক চেয়ারম্যান, ৫ নং ধলা ইউনিয়ন পরিষদকে মনোনীত করার প্রস্তাব করা হয়। সকলে প্রস্তাব সমর্থন করেন। সভায় আরো জানানো হয় যে, উপজেলা পরিষদের গাড়ি চালক মোঃ লিয়াকত আলী, পিতা - মোঃ ফজল হক চাকুরি স্থায়ীকরণের আবেদন দাখিল করেছেন। চাকুরি স্থায়ীকরণের জন্য উপজেলা পরিষদের সুপারিশসহ যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা শেষে আবেদন যাচাই-বাছাইপূর্বক সুপারিশ সহকারে প্রতিবেদন দাখিলের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে একটি কমিটি গঠনের প্রস্তাব করা হয়।<br>১। উপজেলা সমজসেবা অফিসার - আহবায়ক<br>২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা - সদস্য<br>৩। প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শেরপুর সদর, শেরপুর - সদস্য | ১.দ্রুত অবিতরনকৃত টিসিবি স্মার্ট কার্ড ফেরত পাঠাতে হবে।<br>২. উপজেলা পরিষদের অভ্যন্তরে এবং নিয়ন্ত্রণাধীন এলাকায় মরা, ঝড়ে পড়া ও বিনষ্টযোগ্য গাছ নিলামে বিক্রয় সংক্রান্ত উপজেলা কমিটিতে চেয়ারম্যান, ৫ নং ধলা ইউনিয়ন পরিষদকে সদস্য মনোনীত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. চাকুরি স্থায়িকরণের আবেদন যাচাই-বাছাইপূর্বক সুপারিশসহ প্রতিবেদন দাখিলের জন্য আলোচনা কলামে উল্লিখিত কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০২/২৫

(মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ ভূঁইয়া)
প্রশাসক
উপজেলা পরিষদ
শেরপুর সদর, শেরপুর

স্মারক নং- ০৫.৪৫.৮৯৮৮.০০০.০১.০০৩.২৫.২৯৩

তারিখঃ ১৩ ফাল্গুন ১৪৩১ / ২৬ ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। জেলা প্রশাসক, শেরপুর।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর।
৬। উপজেলা............................................................................................ অফিসার, শেরপুর সদর, শেরপুর।
৭। চেয়ারম্যান..........................................................................................ইউ,পি, (সকল) শেরপুর সদর, শেরপুর।
৮। অফিস কপি।

২৬/০২/২৫

(মো: আব্দুল্লাহ আল মাহমুদ ভূঁইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
শেরপুর সদর, শেরপুর
ফোনঃ ০২৯৯৭৭৮১০৬৪ (অফিস)
ই-মেইলঃ unosherpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
শেরপুর সদর, শেরপুর

**শেরপুর সদর উপজেলা পরিষদের মার্চ, ২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ ভূঁইয়া, প্রশাসক, উপজেলা পরিষদ, শেরপুর সদর, শেরপুর। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ, শেরপুর সদর, শেরপুর। |
| তারিখ ও সময় | : ২৫/০৩/২০২৫ খ্রি., সকাল ১১.০০ ঘটিকা |

সভার শুরুতেই সকলকে স্বাগত জানানো হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

১. গত ২৫/০২/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত অত্র উপজেলা পরিষদের ফেব্রুয়ারি, ২০২৫ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী/সংযোজনী প্রস্তাব পাওয়া যায় নাই। কোন সংশোধনী/সংযোজনী প্রস্তাব না থাকায় অত্র উপজেলা পরিষদের ফেব্রুয়ারি, ২০২৫ মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

২. বিভাগীয় কার্যক্রমের বিষয়ে আলোচনা

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা প্রকৌশলী,** শেরপুর সদর, শেরপুর সভায় জানান, অত্র উপজেলায় ১০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন; ০৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল; ০৫ টি রাস্তার মেরামত কাজ; ১৫ টি নতুন রাস্তা নির্মান এবং ০২ টি নতুন ব্রীজ নির্মাণ কাজ চলমান। এছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)র আওতায় গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো বলেন, গাজীর খামার ইউনিয়ন পরিষদের পুরাতন ভবনটি নিলামে বিক্রয়ের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলিত মূল্য ১,৭৯,৯১৮.০০ (এক লক্ষ উনআশি হাজার নয়শত আঠার) টাকা। নিলাম কার্যের সময়ে বিধি মোতাবেক ভ্যাট, ট্যাক্স যুক্ত হবে। নিলামে বিক্রয়ের অনুমতি প্রদানের জন্য তিনি প্রয়োজনীয় কাগজপত্র সহ জেলা প্রশাসক, শেরপুর বরাবর পত্র প্রেরণের প্রস্তাব করেন। সকলে প্রস্তাব সমর্থন করেন। এছাড়া, বর্তমানে উপজেলা পরিষদে পর্যাপ্ত সংখ্যক আবাসিক ফ্ল্যাট/বাসা না থাকায় অনেক কর্মকর্তা-কর্মচারী প্রাইভেট ভাড়া বাসায় থাকেন। এতে তাঁরা নিরাপত্তা ঝুঁকিসহ জরুরী প্রয়োজনে অফিসে আসতে অনেক সমস্যার মুখোমুখি হন। এ সমস্যা থেকে পরিত্রাণের জন্য তিনি নন-গেজেটেড কোয়ার্টারের দোতলা নির্মাণ করে ভার্টিকেল এক্সটেনশনের প্রস্তাব করেন। এর জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলন মোতাবেক দেখা যায়, এতে সর্বমোট খরচ ২৬,৩১,৫৫০/- (ছাব্বিশ লক্ষ একত্রিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা মাত্র। এ অর্থ বরাদ্দ প্রদানের জন্য তিনি সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর প্রস্তাব প্রেরণের অনুরোধ জানান। সকলে একযোগে প্রস্তাব সমর্থন করেন। | ১) বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) গাজীর খামার ইউনিয়ন পরিষদের পুরাতন ভবনটি নিলামে বিক্রির অনুমতি প্রদানের জন্য জেলা প্রশাসক, শেরপুর বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) উপজেলা নন-গেজেটেড কোয়ার্টারের ভার্টিকেল এক্সটেনশন প্রকল্প বাস্তবায়নের জন্য আলোচনা কলামে উল্লিখিত পরিমাণ অর্থ বরাদ্দ চেয়ে সচিব, স্থানীয় সরকার বিভাগ; স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, শেরপুর সদর, শেরপুর |
| ০২ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,** শেরপুর সদর, শেরপুর সভায় জানান, গত ১৫ মার্চ ২০২৫ তারিখে সারাদেশের ন্যায় অত্র উপজেলায় জাতীয় ভিটামিন 'এ প্লাস' ক্যাম্পেইন সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। উক্ত ক্যাম্পেইনে ৫-৫৯ মাস বয়সের সকল শিশুকে এক ডোজ ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়েছে। অত্র উপজেলায় প্রায় ৬৮০০০ শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর। |
| ০৩ | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,** শেরপুর সদর, শেরপুর সভায় জানান যে, সক্ষম দম্পতি: ১,২৫,৭৩৪ জন, সর্বমোট গ্রহণকারী: ৯৪,২৬৩ জন, পদ্ধতি গ্রহণকারীর হার: ৭৪.৯৭%, বিতরণ ও সম্পাদন: ফেব্রুয়ারি/২৫ মাসে সেবা দেওয়া হয়েছে খাবার বড়ি: ৬৪৮৪ চক্র, কনডম: ১৪২৩২ পিস, আপন: ৭৩ চক্র, ইনজেকশন: ৪১৯৭ ভায়াল, আইইউডি: ২৯ জন, ইমপ্ল্যান্ট: ১০৩ জন, ইসিপি: ০১, মিসোপ্রোস্টাল: ১০৫ ডোজ, মহিলা বন্ধ্যাকরণ: ২৩ জন, পুরুষ বন্ধ্যাত্বকরণ ০১ জন, ডেলিভার: ১১০ জন, মা ওশিশু কল্যাণ কেন্দ্রে- ৮৭ জন, ইউনিয়ন স্বাস্থ্য পরিবার কল্যাণ কেন্দ্রে-২৩ জন। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর। |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৪ | **সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা**, শেরপুর সদর, শেরপুর সভায় জানান ২০২৪-২৫ অর্থবছরে রাজস্ব বাজেটের আওতায় বেতমারী বিল এবং আওরাবাওরা বিলে বিল নার্সারী কার্যক্রম পরিচালনার প্রস্তুতি চলছে। জাটকা সংরক্ষণ অভিযান চলমান। বাজার পরিদর্শন সচেতনতামূলক সভাসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর। |
| ০৫ | **উপজেলা কৃষি অফিসার,** শেরপুর সদর, শেরপুর সভায় জানান ২০২৪-২৫ অর্থবছরে খরিপ-১ মৌসুমে ১২৬০ জন কৃষকের জন্য আউশ প্রণোদনার বরাদ্দ পাওয়া গেছে। প্রতি কৃষক ১ বিঘা জমির জন্য ৫ কেজি ধানবীজ ও ১০ কেজি ডিএপি এবং ১০ কেজি এমওপি সার পাবে। উপজেলা বোরো মৌসুমে আবাদ ২৪০৬৮ হেক্টর অর্জিত হয়েছ। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, শেরপুর সদর, শেরপুর |
| ০৬ | **উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,** শেরপুর সদর, শেরপুর সভায় জানান তাঁর দপ্তরের কৃত্রিম প্রজন ৬০ টি, সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ ৭৮৭ টি, গবাদি পশুর টিকা প্রদান ৫৪০০টি, হাঁস-মুরগি টিকা প্রদান ১১৩০০০ টি, গবাদি পশুর চিকিৎসা প্রদান ৩১৫৮ টি, হাঁস-মুরগি চিকিৎসা প্রদান ২৭১৩৫ টি, পোষা প্রাণির চিকিৎসা প্রদান ০৫টি, গবাদি পশু-পাখির রোগ অনুসন্ধান নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ ১০টি, গবাদি পশু-পাখির ডিজিজ সার্ভিলেন্স ০৩ টি, ফ্রি ভেটেরিনারি মেডিকেল স্থাপন ০১টি, খামারি প্রশিক্ষণ প্রদান ২০ জন, উঠান বৈঠকের আয়োজন ০৮ টি, স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ ১.৭ একর, খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন ১৩ টি, গবাদিপশুর খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন করা হয় ০১টি, পোল্ট্রি খামার ও রেজিষ্ট্রেশন ও নবায়ন ০১ টি, দুধ উৎপাদন ২৫০৭.৭ মেট্রিক টন, মাংস উৎপাদন ১৫৩৭.২১ মেট্রিক টন, ডিম উৎপাদন ৪৭.০১ লক্ষ। পবিত্র রমজান মাস উপলক্ষে সুলভ মূল্যে ডিম, দুধ বিক্রয়ের কার্যক্রম অব্যাহত রয়েছে। পহেলা রমজান হতে এ পর্যন্ত মোট ২৪৪৫ টি ডিম, ৩৩১১ লিটার দুধ বিক্রয় করা হয়েছে। লাম্পি স্কিন ডিজিজ এর প্রাদুভার্ব শুরু হওয়ার ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প আয়োজ করা হচ্ছে। লাম্পি স্কিন ডিজিজ এর টিকা প্রদানের জন্য উপজেলা পরিষদ হতে প্রকল্প গহণের অনুরোধ করা যাচ্ছে। লাম্পি স্কিন ডিজিজ সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, শেরপুর সদর, শেরপুর জনসচেতনতামূলক ক্যাম্পেইন পরিচালনা করছে। এছাড়াও লাম্পি স্কিন ডিজিজ সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য সকলকে অনুরোধ করা হলো। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর |
| ০৭ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,** শেরপুর সদর, শেরপুর সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে টিআর, কাবিখা, কাবিটা প্রকল্পের ১ম ও ২য় পর্যায়ের প্রকল্পের কাজ চলমান রয়েছে এবং ৩য় পর্যায়ের বরাদ্দের বিভাজন অনুযায়ী প্রকল্প গ্রহণ করা হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরের "গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ" প্রকল্পের কাজ চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর |
| ০৮ | **উপজেলা যুব উন্নয়ন অফিসার,** শেরপুর সদর, শেরপুর সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে মোট ঋণ তহবিল- ১০৩৮৩২৮৫.৭৪/-, ক্রমপুঞ্জিত বিতরণ-৫৫০২৫৮০০/-, চলমান মাসে আদায়যোগ্য: ২১৭৬৫০/-। আদায়কৃত: ১৬২২৫০/; আদায়ের হার ৭৫%; ক্রমপুঞ্জিত আদায়যোগ্য: ৪৮৫৭৮৮৫৫/-, ক্রমপুঞ্জিত আদায়কৃত: ৪৫৪৩০৪৭৪, ক্রমপুঞ্জিত আদায়ের হার: ৯৩.৬০%, ক্রমপুঞ্জিত কিস্তি খেলাপী: ২৮৫৬০০/-, ক্রমপুঞ্জিত মেয়াদোত্তীর্ণ খেলাপী: ২৮৪৮৭০১, ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ: ৯০৬৪, ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা: ১৭৫৯ জন, উপকারভোগীর সংখ্যা: ১৭৫৯, যুব সংগঠনের সংখ্যা: ৫২টি, জাতীয় যুব পুরস্কারপ্রাপ্ত ০৫ জন। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, শেরপুর সদর, শেরপুর |
| ০৯ | **উপজেলা সমাজসেবা অফিসার**, শেরপুর সদর, শেরপুর সভায় জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থ বছরে ৩য় কিস্তির সকল উপকার ভোগীর ভাতা প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে ভাতাভোগী যাচাই বাছাই শুরু হয়েছে। যাচাই বাছাই কাজে সকল চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান/ইউপি সদস্যকে সহযোগিতার | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, শেরপুর |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | অনুরোধ করা হয়। অযোগ্য ভাতাভোগী চিহ্নিত হলে নীতিমালা অনুযায়ী যোগ্য ভাতাভোগী নির্বাচন করে ইউনিয়ন কমিটির রেজ্যুলেশনসহ উপজেলা কমিটির নিকট প্রেরণ করার অনুরোধ জানানো হয় । ১৮ বছরের উর্ধ্বে যে সকল ভাতা ভোগীর এখনও এনআইডি কার্ড হয়নি তাদের দ্রুততম সময়ের মধ্যে এনআইডি কার্ড করার জন্য অনুরোধ করা হলো । অন্যথায় ৩০ এপ্রিলের পর তাদের ভাতা বন্ধ রাখার নির্দেশনা রয়েছে। ভিক্ষুক পুনর্বাসনের জন্য প্রত্যেক ইউনিয়ন থেকে ০১ জনকে উপজেলা কমিটির নিকট প্রেরণ করার জন্য সকল চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | সদর, শেরপুর |
| ১০ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,** শেরপুর সদর, শেরপুর সভায় জানান যে, ফেব্রুয়ারি, ২০২৫ মাসের সভায় অত্র উপজেলা পল্লী উন্নয়ন অফিসের যান্ত্রিক শেড ভবনটি নিলামে বিক্রয়ের মাধ্যমে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এটি অপসারণ করা হলে উক্ত স্থানটি নতুন ভবন নির্মাণের উপযুক্ত হবে। তিনি বলেন, এ জেলা/উপজেলায় সমবায়ী এবং পল্লী উদ্যোক্তাদের কোন ডিসপ্লে সেন্টার না থাকায় তারা পণ্যের সঠিক বাজারজাতকরণ সুবিধা ও নায্য মূল্য প্রাপ্তি থেকে বঞ্চিত হচ্ছেন। উক্ত স্থানে একটি ডিসপ্লে সেন্টার স্থাপন করা যেতে পারে মর্মে তিনি মত প্রকাশ করেন। এছাড়াও, গত ০৫/০৮/২০২৪ তারিখ বর্তমান উপজেলা পল্লী উন্নয়ন ভবনটি লুটপাট, ভাংচুর ও অগ্নিসংযোগের শিকার হয়; যা মেরামত করতে বিপুল অর্থের প্রয়োজন হবে। এই প্রেক্ষাপটে উক্ত স্থানে তিনি একটি নতুন বহুতল ভবন নির্মাণের প্রস্তাব করেন। তিনি আরো বলেন, বর্তমানে উপপরিচালক, বিআরডিবি, শেরপুর এর কার্যালয়ের কার্যক্রম ভাড়া করা ভবনে পরিচালিত হচ্ছে। বহুতল ভবনটি নির্মাণ করা হলে সেখানে তাঁর কার্যালয়ের জন্য কক্ষ বরাদ্দ করা সম্ভব হবে। এতে সরকারের বিপুল পরিমাণ অর্থ সাশ্রয় হবে। এছাড়াও, প্রায়ই বিআরডিবির বিভিন্ন আবাসিক প্রশিক্ষণ পরিচালনা করতে হয়। কিন্তু কোন প্রশিক্ষণ ফ্যাসিলিটি না থাকায় সঠিকভাবে প্রশিক্ষণ পরিচালনা করা সম্ভব হয় না। নতুন ভবন নির্মিত হলে এই সমস্যার অবসান হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা শেষে উপজেলা প্রকৌশলী নিম্নোক্ত প্রস্তাব উত্থাপন করেন। ১০০ ফুট দৈর্ঘ্য ও ৫০ ফুট প্রস্থের ৫ তলা ভবন নির্মাণের প্রস্তাব করেন। যেখানে (১) নিচতলায় - ডিসপ্লে সেন্টার ও সভাকক্ষ; (২) দ্বিতীয় তলায় - উপ-পরিচালক, বিআরডিবি, শেরপুর এর কার্যালয়; (৩) তৃতীয় তলায় - উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়, শেরপুর সদর, শেরপুর; (৪) চতুর্থ তলায় - প্রশিক্ষণ কক্ষ ও অফিস কক্ষ; (৫) পঞ্চম তলা - প্রশিক্ষণার্থীদের আবাসিক ডরমিটরি। তিনি যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণের অনুরোধ জানান। সকলে প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। তিনি আরও জানান, অত্র কার্যালয়ের পল্লী উদ্যোক্তা ঋণ খাতে চলতি মাসে ১০.০০ লক্ষ টাকা ঋণ উৎপাদনমুখী ও কর্মসংস্থান খাতে বিতরণ করা হয়েছে। অপ্রধান শস্য খাতে ০২টি দলে ৬.০০ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। | (ক) যান্ত্রিক শেড ভবনটি জরুরী ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ১০০ ফুট দৈর্ঘ্য ও ৫০ ফুট প্রস্থ বিশিষ্ট ৫ তলা উপজেলা পল্লী উন্নয়ন ভবন নির্মাণের প্রশাসনিক অনুমোদন ও প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদানের জন্য সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর সুপারিশ সহ পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) ঋণ বিতরণ কার্যক্রম জোরদার করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর |
| ১১ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,** শেরপুর সদর, শেরপুর সভায় জানান ২০২৫ শিক্ষা বর্ষের সাধারণ ও মাদ্রাসা স্তরের বিনামূল্যের বইয়ের মোট চাহিদা যথাযথভাবে বিতরণ করা হয়েছে। তিনি আরও বলেন আগামী ১০/০৪/২০২৫ খ্রি. তারিখে এসএসসি, দাখিল এসএসসি (ভোকেশনাল), দাখিল (ভোকেশনাল) পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সকলকে সার্বিক সহযোগিতা করার অনুরোধ করেন। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শেরপুর সদর, শেরপুর |
| ১২ | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার** সভায় জানান যে, অত্র উপজেলায় প্রাথমিক পর্যায়ে ২০২৫ শিক্ষাবর্ষে ১০০% বিনামূল্যে নতুন পাঠ্যবই বিতরণ সম্পন্ন হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে কোন বিদ্যালয় মেরামত কাজ শুরু হয়নি। ৪৩ টি বিদ্যালয় মেরামতের জন্য ৪০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। তিনি প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলী, শেরপুরকে অনুরোধ করেন। বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষককে অগ্রাধিকার ভিত্তিতে কার্য সম্পাদনের জন্য উপজেলা | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শেরপুর সদর, শেরপুর |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪ | **চেয়ারম্যান, ৫নং ধলা ইউনিয়ন পরিষদ** সভায় জানান, এখনো তাঁর ইউনিয়নের অনেক উপকারভোগী টিসিবির স্মার্ট কার্ড পায়নি। দ্রুত তাদেরকে স্মার্ট কার্ড প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ৫নং ধলা ইউনিয়ন পরিষদ |
| ৫ | **প্যানেল চেয়ারম্যান, ৬নং পাকুড়িয়া ইউনিয়ন পরিষদ** সভায় জানান অত্র ইউনিয়নের বটতলা বাজারে মাটি ভরাট করা একান্ত প্রয়োজন । তিনি হাট বাজার ইজারার ১৫% অর্থ ছাড় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্যানেল চেয়ারম্যান, ৬নং পাকুড়িয়া ইউনিয়ন পরিষদ |
| ৬ | **প্যানেল চেয়ারম্যান, ৮নং লছমনপুর ইউনিয়ন পরিষদ** সভায় জানান যে, ইউনিয়নের ঝাউয়ের চর ও লছমনপুর নদীর তীর পর্যন্ত ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। তিনি উক্ত স্থানে ব্রিজ/সেতু নির্মাণের প্রস্তাব করেন । | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্যানেল চেয়ারম্যান, ৮নং লছমনপুর ইউপি |
| ৭ | **প্যানেল চেয়ারম্যান, ১৩নং রৌহা ইউনিয়ন পরিষদ** সভায় জানান অত্র ইউনিয়নের আমতলা বাজারে মাটি ভরাট করা একান্ত প্রয়োজন। তিনি হাট বাজার ইজারার ১৫% অর্থ ছাড় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্যানেল চেয়ারম্যান, ১৩নং রৌহা ইউনিয়ন পরিষদ |
| ৮ | **সভাপতির** বক্তব্যে জানানো হয়, উপজেলা নির্বাহী অফিসারের সরকারী বাংলো পুরনো ও ব্যবহার অযোগ্য হয়ে যাওয়ায় নতুন বাংলো নির্মাণ করা প্রয়োজন। নতুন বাংলো নির্মাণের নিমিত্ত টপোগ্রাফিক সার্ভে, সয়েল টেস্ট, ভবনের নকশা প্রণয়ন সহ ভবন নির্মাণের পরবর্তী পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। সকলে প্রস্তাব সমর্থন করেন। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০৩/২৫
(মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ ভূঁইয়া)
প্রশাসক
উপজেলা পরিষদ
শেরপুর সদর, শেরপুর

স্মারক নং- ০৫.৪৫.৮৯৮৮.০০০.০১.০০৩.২৫.৪৩৪

তারিখঃ ১৩ চৈত্র ১৪৩১ / ২৭ মার্চ ২০২৫

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। জেলা প্রশাসক, শেরপুর।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর।
৬। উপজেলা........................................................................................ অফিসার, শেরপুর সদর, শেরপুর।
৭। চেয়ারম্যান.......................................................................................ইউ,পি, (সকল) শেরপুর সদর, শেরপুর।
৮। অফিস কপি।

২৭/০৩/২৫
(মো: আব্দুল্লাহ আল মাহমুদ ভূঁইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
শেরপুর সদর, শেরপুর
ফোনঃ ০২৯৯৭৭৮১০৬৪ (অফিস)
ই-মেইলঃ unosherpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
শেরপুর সদর, শেরপুর

## শেরপুর সদর উপজেলা পরিষদের এপ্রিল, ২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ ভূঁইয়া, প্রশাসক, উপজেলা পরিষদ, শেরপুর সদর, শেরপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, শেরপুর সদর,শেরপুর।
তারিখ ও সময় : ২৪/০৪/২০২৫ খ্রি., সকাল ১১.০০ ঘটিকা

সভার শুরুতেই সকলকে স্বাগত জানানো হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

১. গত ১৯/০৩/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত অত্র উপজেলা পরিষদের মার্চ, ২০২৫ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। উপজেলা প্রকৌশলী বলেন, উপজেলা নন-গেজেটেড কোয়ার্টারের ভার্টিকেল এক্সটেনশন প্রকল্প বাস্তবায়নের প্রাক্কলন ২৬,৩১,৫৫০/- (ছাব্বিশ লক্ষ একত্রিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা উল্লেখ করা হয়েছে। এটি সঠিক নয়। প্রকৃত প্রাক্কলন হবে ৪১,৬৫,৮১২/- (একচল্লিশ লক্ষ পঁয়ষট্টি হাজার আটশত বার) টাকা মাত্র। মার্চ ২০২৫ মাসের কার্যবিবরণীতে উল্লিখিত পরিমাণ অর্থ দ্বারা সম্পূর্ণ ফ্লোর নির্মাণ করা সম্ভব হবে না। তিনি কার্যবিবরণীর উক্ত অংশ সংশোধনের প্রস্তাব করেন। সকলে প্রস্তাব সমর্থন করেন। এছাড়া আর কোন সংশোধনী/সংযোজনী প্রস্তাব পাওয়া যায় নাই। উপজেলা প্রকৌশলীর সংশোধনী প্রস্তাব গৃহীত করতঃ অত্র উপজেলা পরিষদের মার্চ, ২০২৫ মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

**২. বিভাগীয় কার্যক্রমের বিষয়ে আলোচনা**

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা প্রকৌশলী,** শেরপুর সদর, শেরপুর সভায় জানান, শেরপুর সদর উপজেলায় ১০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজ চলমান, ০৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ চলমান, ০৫ টি রাস্তার মেরামত কাজ চলমান, ১৫ টি নতুন রাস্তার উন্নয়ন কাজ চলমান, ০২ টি নতুন ব্রীজ নির্মাণ কাজ চলমান। এডিপির ১ম কিস্তি বাবদ=২৪.৫২ (লক্ষ ) টাকা, ২য় কিস্তি বাবদ=২৪.৫২ (লক্ষ) টাকা মোট= ৪৯.০৪ (লক্ষ ) টাকা বরাদ্দ পাওয়া গেছে এবং প্রাপ্য সম্ভাব্য বরাদ্দ ৪৯.০৪ (লক্ষ) টাকা। উক্ত বরাদ্দের বিপরীতে ২০২৪-২৫ অর্থ বৎসরে শেরপুর সদর উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি/রাজস্ব উদ্বৃত্ত) এর আওতায় ১৪ টি ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রকল্প দাখিল করেন। দাখিলকৃত প্রকল্প গুলো যাচাই বাছাই শেষে বাস্তবায়ন চলমান রয়েছে।<br>তিনি আরো বলেন, বর্তমানে ঝড়ের মৌসুমে প্রায়সময়ই বিদ্যুৎ বিভ্রাট দেখা দেয়। এতে দাপ্তরিক কাজকর্ম সহ বিভিন্ন সভায় বিঘ্ন ঘটে। এ সমস্যা থেকে পরিত্রাণের জন্য তিনি আইপিএস ক্রয়ের প্রস্তাব করেন। তিনি বলেন, শেরপুর সদর উপজেলা পরিষদ হলরুম, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও উপজেলা প্রকৌশলীর অফিস রুমে বিদ্যুৎ আইপিএস স্থাপনের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলন মোতাবেক মোট ব্যয় হবে ৩,৬৫,০০০/- (তিন লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা। তিনি উপজেলা রাজস্ব তহবিল থেকে এ টাকা খরচ করে প্রকল্প বাস্তবায়ন করার অনুমতি প্রদানের জন্য সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের অনুরোধ জানান। | ১. বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা রাজস্ব তহবিল থেকে ৩,৬৫,০০০/- (তিন লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা টাকা ব্যয় করে আলোচনা কলামে উল্লিখিত কক্ষসমূহে আইপিএস স্থাপন প্রকল্প বাস্তবায়ন করার অনুমতি প্রদানের জন্য সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর, শেরপুর।<br>২. উপজেলা প্রকৌশলী, শেরপুর সদর, শেরপুর |
| ০২ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা** শেরপুর সদর, শেরপুর সভায় জানান, শেরপুর সদর উপজেলা স্বাস্থ্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিগত ০৮ টি ইউনিয়নে ০৮ টি ইপিআই টিকা কেন্দ্রে শেড তৈরির করার বিষয়ে তালিকা প্রদান করা হয়েছিল । বর্ষাকাল শুরুর আগেই শেডগুলো স্থাপন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরাধ করেন । এছাড়া দপ্তরের অন্যান্য সকল কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর । |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৩ | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,** শেরপুর সদর, শেরপুর সভায় জানান যে, মার্চ এবং এপ্রিল মাসের মোট চারটি উঠান বৈঠকের বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দ দেরিতে পাওয়ায় গত ২২/০৪/২০২৫ তারিখে ০১টি উঠান বৈঠক সম্পন্ন করা হয়েছে। ২য় উঠান বৈঠকটি অনুষ্ঠিত হবে পাকুড়িয়া ইউনিয়নে এবং বাকী ০২ টি উঠান বৈঠকের সময়, তারিখ পরবর্তীতে নির্ধারণ করা হবে । সক্ষম দম্পতি: ১,২৫,৯৯৮ জন, সর্বমোট গ্রহণকারী: ৯৪,৩৪৭ জন, পদ্ধতি গ্রহণকারীর হার: ৭৪.৮৮%, বিতরণ ও সম্পাদন: ফেব্রুয়ারি/২৫ মাসে সেবা দেওয়া হয়েছে খাবার বড়ি: ১৬০৬ চক্র, কনডম: ২১০৫০ পিস, আপন: ৩৪ চক্র, ইনজেকশন: ৩৬৩২ ভায়াল, আইইউডি: ০৯ জন, ইমপ্ল্যান্ট: ৭৭ জন, ইসিপি: ০০, মিসোপ্রোস্টাল: ৪৭ ডোজ, মহিলা বন্ধ্যাকরণ: ৫২ জন, পুরুষ বন্ধ্যাত্বকরণ ০১ জন, ডেলিভার: ৫৫৮ জন, মা ওশিশু কল্যাণ কেন্দ্র- ৯১ জন, ইউনিয়ন স্বাস্থ্য পরিবার কল্যাণ কেন্দ্র-২৪ জন । | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর । |
| ০৪ | **সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা,** শেরপুর সদর, শেরপুর সভায় জানান ২০২৪-২৫ অর্থবছরে রাজস্ব বাজেটের আওতায় বেতমারী বিল এবং আওরাবাওরা বিলে বিল নার্সারী কার্যক্রমের অংশ হিসেবে রেণুপোনা অবমুক্ত করা হয়েছে। প্রযুক্ত ভিত্তিক চাষীদের প্রশিক্ষণ প্রদানসহ জাটকা সংরক্ষণ অভিযানের উদ্দেশ্যে বাজার পরিদর্শন, মোবাইল কোর্ট বাস্তবায়ন করা হচ্ছে । এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর । |
| ০৫ | **উপজেলা কৃষি অফিসার,** শেরপুর সদর, শেরপুর সভায় জানান ২০২৪-২৫ অর্থবছরে বোরো ধানের আবাদ ২৪০৬৮ হেক্টর জমিতে আবাদ হয়েছে। ফসলের বর্তমান অবস্থা অনেক ভালো আছে। খরিপ-১ মৌসুমে আউশ ধানের বীজতলা ৭৫ হেক্টর জমিতে সম্পন্ন হয়েছে । যা সরকারী প্রণোদনা এবং কৃষি অফিসের সার্বিক পরামর্শের মাধ্যমে সম্পন্ন হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, শেরপুর সদর, শেরপুর |
